

## 💵 আল-লুলু ওয়াল মারজান

হাদিস নাম্বারঃ ১৭২৯

৪৮/ যিক্র, দুআ, তাওবাহ এবং ক্ষমা প্রার্থনা (کتاب الذکر والدعاء والتوبة والاستغفار) পরিচ্ছেদঃ ৪৮/১৩. যিকরে আওয়াজ আন্তে করা মুস্তাহাব।

استحباب خفض الصوت بالذكر

## আরবী

حديث أبي بَكْرٍ الصِّدِيقِ رضي الله عنه، أَنَّهُ قَالَ لِرَسُولِ اللهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: عَلِّمْنِي دُعَاءً أَدْعُو بِهِ فِي صَلَاتِي قَالَ: قُلِ اللهُمَّ إِنِّي ظَلَمْتُ نَفْسِي ظُلْمًا كَثِيرًا، وَلاَ يَغْفِرُ الذُّنُوبَ إِلاَّ أَنْتَ الْغَفُورُ الرَّحِيمُ الذُّنُوبَ إِلاَّ أَنْتَ الْغَفُورُ الرَّحِيمُ

## বাংলা

১৭২৯. আবু বাকর সিদ্দীক (রাঃ) হতে বর্ণিত। একদা তিনি আল্লাহর রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর নিকট আর্য করলেন, আমাকে সালাতে পাঠ করার জন্য একটি দুআ শিখিয়ে দিন। তিনি বললেন, এ দুটি বলবেঃ

اللهُمَّ إِنِّي ظَلَمْتُ نَفْسِي ظُلُمًا كَثِيرًا، وَلاَ يَغْفِرُ الذُّنُوبَ إِلاَّ أَنْتَ فَاغْفِرْ لِي مَغْفِرَةً مِنْ عِنْدِكَ، وَارْحَمْنِي، إِنَّكَ أَنْتَ اللهُمَّ إِنِّي مَغْفِرةً مِنْ عِنْدِكَ، وَارْحَمْنِي، إِنَّكَ أَنْتَ الْغَفُورُ الرَّحِيمُ

অর্থাৎ, হে আল্লাহ্! আমি নিজের উপর অধিক যুলম করেছি। আপনি ছাড়া সে অপরাধ ক্ষমা করার আর কেউ নেই। আপনার পক্ষ হতে আমাকে তা ক্ষমা করে দিন এবং আমার উপর রহমত বর্ষণ করুন। নিশ্চয়ই আপনি ক্ষমাশীল ও দয়াবান।

## ফুটনোট

সহীহুল বুখারী, পর্ব ১০; আযান, অধ্যায় ১৪৯, হাঃ ৮৩৪; মুসলিম, পর্ব ৪৮ : আল্লাহ তা'আলার যিক্রের প্রতি উৎসাহ প্রদান, অধ্যায় ১৩, হাঃ ২৭০৫

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আবু বকর সিদ্দীক (রাঃ)



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন